| | | | |
|---|---|---|---|
| ৩ | **জেলা কার্যালয়ে গাড়ী ক্রয়:**<br>সভায় জানানো হয় যে, অর্থ মন্ত্রণালয়ের **১৫/০৩/২০২৬** তারিখের পত্র অনুযায়ী **২০২৬-২৭** অর্থবছরে জেলা কার্যালয়সমূহের **৩২১১১০৭** কোডের যানবাহন ব্যয় চুক্তিভিত্তিক খাতে **২৫টি** জেলা কার্যালয়ের জন্য ৩.০০ (তিন) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। জেলা কার্যালয়ের জন্য চুক্তিভিত্তিক গাড়ি ভাড়া করার নিমিত্ত **২৫টি** জেলা নির্বাচনের লক্ষ্যে বিভাগীয় জেলাসহ জেলার উপজেলা সংখ্যা, আইসিটিডি ল্যাবের সংখ্যা এবং উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের সংখ্যা বিবেচনা করে তালিকা চূড়ান্ত করা হয়েছে। স্পেসিফিকেশন প্রস্তুতের কাজ চলমান রয়েছে যা সম্পন্ন হলে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে শীঘ্রই বরাদ্দ প্রেরণ করা হবে। | ২৫টি জেলা নির্বাচনের লক্ষ্যে বিভাগীয় জেলাসহ সংশ্লিষ্ট জেলাসমূহের উপজেলা সংখ্যা, আইসিটিডি (ICTD) ল্যাবের সংখ্যা এবং উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের সংখ্যা নিবিড়ভাবে বিবেচনাপূর্বক উপস্থাপিত তালিকাটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হলো।<br><br>দ্রুত স্পেসিফিকেশন প্রণয়নপূর্বক ২৫টি জেলা কার্যালয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করে PPA-2006 ও PPR-2025 অনুযায়ী বাজেট বরাদ্দ প্রদান করতে হবে। | পরিচালক (অর্থ ও প্রশাসন) |
| ৪ | **প্রশিক্ষণ:**<br>সভায় জানানো হয় যে, **১**. Project & Office management Training with AI বিষয়ক ৫ দিন ব্যাপী প্রশিক্ষণে **১ম** ব্যাচে ৪০ জন-কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>২. Freelancing TOT: Digital MICT বিষয়ক ৫ দিন ব্যাপী প্রশিক্ষণে **১ম** ব্যাচে ২৫ জন-কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | স্ব-স্ব শাখায় প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করতে হবে। | ১। সিস্টেমস ম্যানেজার<br>২। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ৫ | **প্রধান কার্যালয়ের সাথে উপজেলা কার্যালয়ের মাসিক সমন্বয় সভা:** সভায় জানানো হয় যে, গত ২৩/০৫/২০২৬ তারিখে প্রধান কার্যালয়ের সাথে উপজেলা কার্যালয়ের কর্মকর্তাগণের মাসিক সমন্বয় সভা অ নুষ্ঠিত হয়। | প্রধান কার্যালয়ের সাথে উপজেলা কার্যালয়ের প্রতি ৩ মাস অন্তর মাসিক সমন্বয় সভা আয়োজন করতে হবে। | **১**। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>২। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা) |

